

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(বিচার শাখা)
www.supremecourt.gov.bd



বিজ্ঞপ্তি নং- ৩৮/২০২১

জে,

তারিখঃ ১৩ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ
২৮ আগস্ট ২০২১ খ্রিস্টাব্দ

বিষয় : জামিন ও সকল প্রকার অন্তর্বর্তীকালীন আদেশসমূহের কার্যকারিতা বর্ধিতকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে সকল মামলায় আসামীকে নির্দিষ্ট সময় পর্যন্ত জামিন প্রদান করা হয়েছে বা যে সকল মামলায় উচ্চ আদালত হতে অধস্তন আদালতে নির্দিষ্ট সময়ের মধ্যে আত্মসমর্পণের শর্তে জামিন প্রদান করা হয়েছে বা যে সকল মামলায় নির্দিষ্ট সময়ের জন্য অন্তর্বর্তীকালীন আদেশ প্রদান করা হয়েছে সে সকল মামলার জামিন এবং সকল প্রকার অন্তর্বর্তীকালীন আদেশসমূহের কার্যকারিতা বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের বিচার শাখা কর্তৃক জারিকৃত বিগত ২৬ জুলাই ২০২১ খ্রিঃ তারিখের বিজ্ঞপ্তি নং- ৩২/২০২১ জে, এর ধারাবাহিকতায় আগামী ০৫ সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দ পর্যন্ত বর্ধিত হয়েছে মর্মে গণ্য হবে। পরবর্তীতে জামিন ও সকল প্রকার অন্তর্বর্তীকালীন আদেশসমূহের কার্যকারিতা বর্ধিতকরণের ক্ষেত্রে বিজ্ঞ আইনজীবী সংশ্লিষ্ট আদালতে আবেদন করবেন।

বাংলাদেশের প্রধান বিচারপতির আদেশক্রমে

স্বাঃ/-

(মোঃ আলী আকবর)

রেজিস্ট্রার জেনারেল

বাংলাদেশ সুপ্রীম কোর্ট

ফোন : ৯৫৬২৭৮৫

E-mail: rg@supremecourt.gov.bd


স্মারক নং-৪৪৭৪

জে,

তারিখঃ ১৩ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ
২৮ আগস্ট ২০২১ খ্রিস্টাব্দ

কার্যার্থে ও জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা।
৩. জেলা জজ/মহানগর দায়রা জজ, (সকল) (অধীনস্থ বিচার বিভাগীয় কর্মকর্তাদের অবগত করার অনুরোধ করা হলো)।
৪. বিভাগীয় স্পেশাল জজ/স্পেশাল জজ, (সকল)।
৫. চেয়ারম্যান/সদস্য, প্রশাসনিক অ্যাপিলেট ট্রাইব্যুনাল/ প্রশাসনিক ট্রাইব্যুনাল (সকল)।
৬. চেয়ারম্যান/সদস্য, শ্রম আপীল ট্রাইব্যুনাল/শ্রম আদালত, (সকল)।
৭. সদস্য(জেলা জজ), কাস্টমস ও ভ্যাট অ্যাপিলেট ট্রাইব্যুনাল।
৮. চেয়ারম্যান, কোর্ট অব সেটেলমেন্ট/ট্যাকসেস অ্যাপিলেট ট্রাইব্যুনাল, ষ্টেড বেঞ্চ-৫, ঢাকা।
৯. চেয়ারম্যান, নিম্নতম মঞ্জুরী বোর্ড, ঢাকা।
১০. বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, (সকল)।
১১. বিচারক, জননিরাপত্তা বিয়কারী অপরাধ দমন ট্রাইব্যুনাল, (সকল)।
১২. বিচারক, দ্রুত বিচার ট্রাইব্যুনাল/ স্পেশাল ট্রাইব্যুনাল, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা (সকল)।
১৩. বিচারক, পরিবেশ আপীল আদালত/সাইবার ট্রাইব্যুনাল/ মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল/সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল (সকল)।
১৪. সভাপতি/সেক্রেটারী, বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন।
১৫. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, (সকল) (অধীনস্থ বিচার বিভাগীয় কর্মকর্তাদের অবগত করার অনুরোধ করা হলো)।
১৬. সভাপতি/সেক্রেটারী, জেলা আইনজীবী সমিতি, (সকল)।
১৭. প্রধান বিচারপতির সচিব/প্রধান বিচারপতির একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা।
১৮. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
১৯. রেজিস্ট্রার জেনারেলের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২০. নোটিশ বোর্ড।


26.08.2021

(মোঃ মিজানুর রহমান)

সহকারী রেজিস্ট্রার (বিচার) (ভারপ্রাপ্ত)

ফোনঃ ৯৫৬১৯৩২।